গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৬.২০১৯.০৩ তারিখ : ০২.০১.২০২০ খ্রিঃ

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্প্ট পিটিশন নং ৬৩৫/২০১৯ এর আদেশ বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্প্ট পিটিশন নং ৬৩৫/২০১৯ ।

উপযুর্ক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ গার্লস স্কুল এন্ড কলেজ এর সহকারী শিক্ষক কামরুল হাসান গং উচ্চতর স্কেল ও অন্যান্য ভাতা প্রদানের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪৭৮৭/২০১৮ দায়ের করেন। উক্ত মামলায় সিনিয়র সচিব মহোদয়কে ২নং বিবাদী করা হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের ৪৭৮৭/২০১৮ নং রিট পিটিশন মামলায় ০৮.০৪.২০১৮ তারিখে নিম্নরুপ আদেশ প্রদান করেন:

> Pending hearing of the Rule, the respondent No.2 is directed to dispose of the application dated 26.12.2017 as evident from (Annexure-I to the Writ petition) within 60 (Sixty) days from the date of receipt of a copy of this order, in accordance with law.

২। পরবর্তীতে কামরুল হাসান গং সিনিয়র সচিব মহোদয়কে বিবাদী করে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্প্ট পিটিশন নং ৬৩৫/২০১৯ দায়ের করেন। বিজ্ঞ আদালত ০৩.১১.২০১৯ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন :

> Now upon hearing, Mr. Md. Abdul Mannan Bhuiyan, Advocate for the contempt petitioner and upon consideration of the said petition this court doth order and do issue a Rule be issued calling upon you the aforesaid respordents contemnor to show cause on or before the 01st day of December, 2019 as to why a proceeding for Contempt of Court should not be drawn up against him for non compliance, disobeying and violating the judgment and order dated 08.04.2018 Passed by the High court Division in Writ petition no 4787 of 2018 and why they will not be punished for committing contempt of court and/or such other or further order or orders passed as to this court may seem fit and proper.

৩। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা ২০১৮ এর ১১.৪ নং অনুচ্ছেদে বর্ণিত উচ্চতর স্কেল প্রদান সংক্রান্ত বিধানসহ নীতিমালা সংশোধনের জন্য অত্র বিভাগের ১২.১১.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭ (অংশ-১).৩০৩ নং স্মারকে একটি কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কমিটির ০৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। আরও দু/একটি সভা অনুষ্ঠিত হলেই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে ।

৪। এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

(ক) উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে আইনগত দিক আমলে নিয়ে অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে তা বিজ্ঞ আদালতকে অবহিতকরণ এবং

(খ) যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৪৭৮৭/২০১৮ চলমান সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট আদালতে সরকার পক্ষ হতে যথাযথ জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ।

Kamrul
2/1/2020
( মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
০৩. জনাব কামরুল হাসান, সহকারী শিক্ষক, নারায়ণগঞ্জ গার্লস স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ ।
০৪. অফিস কপি ।

Letter-12.10.17